10

দৈনিক সংবাদ

তারিখ 12 MAY 1997 পৃষ্ঠা 4 কলাম 6

# গ্রামীণ গ্রন্থাগার ও তথ্যসেবা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

সাভার, ১১ই মে (নিজস্ব সংবাদদাতা)।– সম্প্রতি ধামরাইয়ে এক সেমিনারে বক্তারা এই অভিমত ব্যক্ত করেন যে, গ্রামে-গ্রামে গ্রন্থাগার প্রতিষ্ঠা করে গ্রামীণ জীবন ও অর্থনীতির উন্নয়ন ঘটানো যেতে পারে।

ধামরাই টিটিডিসি মিলনায়তনে গ্রামীণ গ্রন্থাগার ও তথ্যসেবা বিষয়ক এই সেমিনারের আয়োজন করেছিল বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব)। জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য কেন্দ্র এবং ধামরাই থানা প্রশাসন এ ব্যাপারে সমিতিকে সহায়তা করে।

সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন সমিতির সভাপতি এম শামসুল ইসলাম খান।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী জিল্লুর রহমান এবং যুব, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের অনুষ্ঠানে যথাক্রমে প্রধান ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মূল প্রবন্ধ এবং গ্রামীণ গ্রন্থাগার কর্মসূচি সম্পর্কে আলোচনা করেন ডক্টর কাজী এম বদরুদ্দোজা, শাহ মোহাম্মদ নাজমুল আলম, এ, কে, এম আবদুন নূর, ডক্টর গুল হোসেন, ডক্টর ফজলুল আলম, মাধবচন্দ্র দে, সুলতান উদ্দিন আহমদ ও জসীম উদ্দীন আহমেদ।

অনুষ্ঠানের শুরুতে গ্রন্থাগার সমিতির সাধারণ সম্পাদক খন্দকার ফজলুল রহমান স্বাগত ভাষণ দেন। অনুষ্ঠানে যোগদানের আগে মন্ত্রী ধামরাই গণগ্রন্থাগার উদ্বোধন করেন।

সেমিনারের উদ্বোধনী পর্বে সভাপতির ভাষণে শামসুল ইসলাম খান রাজনৈতিক ইশতাহারে গ্রন্থাগার উন্নয়নের বিষয়কে গুরুত্বদানের আহ্বান জানান। তিনি সংস্কৃতি মন্ত্রণালয়ের নাম গ্রন্থাগার ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় করারও দাবি জানান।

সেমিনারের দুই পর্বে সভাপতিত্ব করেন সুলতান উদ্দিন আহমদ ও গ্রন্থাগার সমিতির সাবেক সভাপতি এ, কে, এম আবদুন নূর।